ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

31 OCTOBER 2025 7:35 AM IST

================================================================

রাজ্যের মহিলারা যাতে সমাজে সম্মানের সঙ্গে বেঁচে থাকতে পারেন সেজন্য রাজ্য সরকার মূখ্যমন্ত্রী মহিলা উদ্যোমিতা প্রকল্প গ্রহন করছে এবং এই প্রকল্প মহিলাদেরকে আর্থিকভাবে স্বাবলম্বী করে তোলা সহ গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করার ক্ষেত্রে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করছে বলে মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন ।
মূখ্যমন্ত্রী ডক্টর শর্মা গতকাল শদিয়া বিধানসভা কেন্দ্রের আত্মসহায়ক গোষ্ঠির ২৭ হাজার ৫শ ৭৩ জন মহিলা হিতাধিকারীর মধ্যে ১০ হাজার টাকা করে চেক প্রদান করে একথা বলেন ।
মুখ্যমন্ত্রী ডঃ শর্মা গতকাল উত্তর লক্ষিমপুরের খেলমাটিতে ৪০ লক্ষ টাকা ব্যয়ে নির্মাণ করা ডঃ ভূপেন হাজারিকার ১৭ ফুট উচ্চতার প্রতিমূর্তিরও উন্মোচন করেন ।

---

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা আজ লক্ষিমপুর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ২০৫ শয্যা বিশিষ্ট সুপার স্পেশালিটি হাসপাতাল এবং নার্সিং কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন । এছাড়াও মুখ্যমন্ত্রী আজ

লক্ষিমপুর কেন্সার হাসপাতালের কয়েকটি বিভাগের উদ্বোধন করবেন ।

---

আজ একতা দিবস । সমগ্র দেশ আজ শ্রদ্ধার সঙ্গে স্বাধীনতা সংগ্রামী , দেশের প্রথম স্বরাষ্ট্র মন্ত্রী সর্দার বল্লভভাই প্যাটেলের ১৫০তম জন্ম বার্ষিকী শ্রদ্ধার সঙ্গে পালন করছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ লৌহমানবকে শ্রদ্ধা নিবেন করে জাতির উদ্দেশ্যে ভাষন দেবেন ।

---

সর্দার বল্লভ ভাই প্যাটেলের ১৫০ তম জন্ম বার্ষিকী উপলক্ষে আজ কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে শিলচরে একতা পদযাত্রার আয়োজন করা হয়েছে । এই পদযাত্রা আজ সকাল ৮ টায় শিলচর জেলা ক্রীড়া সংস্থার মাঠ থেকে বের হয়ে গান্ধীবাগ , ক্ষুদিরাম মুর্তি , জানিগঞ্জ , নাহাটা পয়েন্ট হয়ে আবার গান্ধিবাগে এসে শেষ হবে । এই পদযাত্রায় স্কুল কলেজের ছাত্র-ছাত্রী , সরকারী কর্মচারী , জেলা প্রশাসনের কর্মকর্তা , সমাজকর্মী , এন সি সি ’র কেডেট ,বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্যরা অংশগ্রহণ করছেন ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগেও আজ সর্দার বল্লভ ভাই প্যাটেলের ১৫০তম জন্ম জয়ন্তী বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে একতা দিবস হিসেবে পালন করা হচ্ছে । এ উপলক্ষ্যে জেলা প্রশাসনের পক্ষ থেকে হাইলাকান্দি শহরে আজ সকালে একতা পদ যাত্রার আয়োজন করা হয়েছে । এদিকে

সর্দার বল্লভ ভাই প্যাটেলের ১৫০তম জন্ম জয়ন্তী উপলক্ষ্যে পক্ষকালব্যাপী কার্য্যসূচী সফল করতে গতকাল সাংসদ কৃপানাথ মালার পৌরহিত্যে আয়োজিত সভায় আগামী ১৫ দিন জাতীয় অখন্ডতার শপথ গ্রহন , সাংস্কৃতিক অনুষ্টান , সাফাই অভিযান, বৃক্ষরোপন , স্বাস্থ্য শিবির ,অমৃত সরোবর সাফাই অভিযান কার্যসূচী গ্রহন করা হয়েছে ।

---

কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ গতকাল নতুন দিল্লীতে রেল বোর্ডের আয়োজিত এক সভায় ভৈরবী-সাইরাং নতুন রেল লাইন প্রকল্পের সফল বাস্তবায়নের কাজের সঙ্গে যুক্ত সব রেল কর্মী ও আধিকারীকদের সংবর্ধনা প্রদান করেন । ভৈরবী-সাইরাং নতুন রেল লাইন প্রকল্প বাস্তবায়নের ফলে প্রথমবারের মতো মিজোরামের রাজধানী আইজল দেশের রেল মান চিত্রে সংযুক্ত হয়েছে । উল্লেখ্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী চলতি বছরের ১৩ই সেপ্টেম্বর ভৈরবী-সাইরাং প্রকল্পের উদ্বোধন করেন ।

---

সংগীত শিল্পী জুবিন গার্গের জীবনের শেষ ছবি রৈ রৈ বিনালে আজ মুক্তি পাচ্ছে এবং এই ছবি থেকে সংগ্রহ করা জি এস টির অর্থ কেন্দ্রীয় সরকার কলাগুরু আর্টিষ্ট ফাউন্ডেশনকে ফিরিয়ে দেবে । জুবিন গার্গের পত্নী গরিমা শইকীয়া গার্গের সংগে আলোচনার পর শিল্পীর প্রতিষ্ঠা করা কলাগুরু আর্টিষ্ট ফাউন্ডেশনকে এই অর্থ প্রদান করার সিদ্ধান্ত নেওয়া হয় । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা জানান যে আসামে কোনো ছবির জন্য মনোরঞ্জন কর নেওয়া হয় না যদিও কেন্দ্রীয় সরকার ছবির টিকিটের বিনিময়ে কর সংগ্রহ করে । একশ টাকার অধিক মূল্যের টিকিটে ১৮ শতাংশ ও একশ টাকার কম মূল্যের

টিকিটে ৫ শতাংশ জি এস টি কর সংগ্রহ করা হয় । রৈ রৈ বিনালে থেকে সংগ্রহ করা মোট জি এস টির ৫০ শতাংশ কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে ফিরিয়ে দিবে বলে মুখ্যমন্ত্রী জানান ।

---

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ আগামী বছর অনুষ্ঠেয় মাধ্যমিক পরীক্ষা স্বচ্ছ এবং সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য রাজ্যের বিভিন্ন স্থানে পরীক্ষা কেন্দ্র কমিটি গঠন করার নির্দেশ জারি করেছে । এই নির্দেশ অনুযায়ি প্রতিটি পরীক্ষা কেন্দ্রের দায়িত্বে থাকা আধিকারীককে আজকের মধ্যে পরীক্ষা কমিটি গঠন করতে বলা হয়েছে । পরীক্ষার্থীদের অভিভাবক , শিক্ষাবিদ , বিদ্যালয় পরিচালন কমিটির সদস্য ,পুলিশ আধিকারীক সহ কম করেও ৫০ জন ব্যাক্তি নিয়ে সভা করতে এবং কমিটি গঠন করতে নির্দেশ দেওয়া হয়েছে ।

---

আকাশবাণী ডিব্রুগড় কেন্দ্রের সংবাদ পাঠক , আবৃত্তিকার , অভিনেতা , গীতিকার , সুরকার সৈয়দ শাদুল্লার শেষকৃত্য আজ দুপুরে নামাজের পর ডিব্রুগড়ের নালিয়াপুল কবরস্থানে সম্পূর্ন রাজ্য মর্য্যাদায় সম্পন্ন হবে বলে রাজ্য সরকার ঘোষনা করেছে ।

প্রয়াত সৈয়দ শাহদুল্লা আকাশবাণী ডিব্রুগড় কেন্দ্র থেকে প্রচারিত প্রথম আঞ্চলিক সংবাদের পরিবেশক ছিলেন । তিনি অসমীয়া এবং ইংরাজী দুটি ভাষায় অংশকালীন সংবাদদাতা হিসেবেও কাজ করেছেন । অবসর গ্রহণ করার পর তিনি তিনি ডিস্কোভারি ও ন্যাশনেল

জিওগ্রাফিক চ্যানেলের সঙ্গে জড়িত ছিলেন এবং ১০০'র বেশী তথ্যচিত্রে ইংরাজীতে কন্ঠদান করেন ।

'উল্লেখ্য সৈয়দ শাদুল্লা গতকাল গুয়াহাটী মেডিকেল কলেজ ও হাসপাতালে শেষ নি:শ্বাস ত্যাগ করেন । বয়স হয়েছিল ৭৭ ।